[redacted]

[redacted]

[redacted]

[

[illegible]

[illegible]

[illegible]

[illegible]-[illegible] [illegible] [illegible], [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [

পড়ছে অস্থায়ী হাসপাতালের। এমন পরিস্থিতিতে ব্যতিক্রমী নজির স্থাপন করেছে ব্রাজিলের শীর্ষস্থানীয় ফুটবল ক্লাবগুলো। অস্থায়ী হাসপাতাল বানাতে নিজেদের স্টেডিয়ামগুলো ব্যবহারের অনুমতি দিয়েছে তারা। করোনার কারণে ব্রাজিলে খেলা বন্ধ রয়েছে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত। তাই দেশটির অর্ধেকেরও বেশি ক্লাব এই মহৎ উদ্যোগের ঘোষণা দিয়েছে।

দক্ষিণ আমেরিকান চ্যাম্পিয়ন ফ্লেমেঙ্গো তাদের বিখ্যাত মারাকানা স্টেডিয়ামটি ব্যবহারের অনুমতি দিয়েছে। এখন এই স্টেডিয়ামের নিয়ন্ত্রণ নেবে রিও ডি জেনিরোর স্বাস্থ্য অফিস। ফ্লেমেঙ্গোর মতো স্টেডিয়াম ছেড়ে দিচ্ছে করিন্থিয়ান্সও। তাদের ইতাকুয়েরো স্টেডিয়ামটিও এই কাজের জন্য ছেড়ে দেয়া হয়েছে। তাদের অনুশীলনের মূল সদর দফতরটিও এই কাজে ব্যবহারের জন্য ছেড়ে দেয়া হয়েছে।

সাও পাওলো ও রিও ডি জেনিরো অনেক ঘনবসতিপূর্ণ এলাকা। এরই মধ্যে ব্রাজিলে করোনায় আক্রান্ত হয়েছেন ১১২৮ জন। মারা গেছেন ১৮ জন। তাই জরুরি অবস্থায় হাসপাতালের ওপর চাপ কমাতেই এমন উদ্যোগ।

সূত্র -যুগান্তর

সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত ইমরুল কায়েসের বাবা

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের ওপেনার ইমরুল কায়েসের বাবা বানি আমিন বিশ্বাস (৬০) সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন। স্থানীয়রা তাকে আহতাবস্থায় উদ্ধার করে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। পরে সেখান থেকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেছেন চিকিৎসক। তার একটি পা ভেঙে গেছে ও কানে আঘাত পেয়েছেন বলে জানায় চিকিৎসকরা।

সোমবার (২৩ মার্চ) বেলা ১০ টার দিকে মেহেরপুর -কাথুলি সড়কের

ছহিউদ্দীন ডিগ্রি কলেজের সামনে এ দুর্ঘটনা ঘটে।

সদর থানার ওসি শাহ দারা খান জানান , বানি আমিন বিশ্বাস (৬০) মেহেরপুর সদর উপজেলার উজ্জলপুর গ্রামের নিজ বাড়ি থেকে মেহেরপুর আসার পথে ছহিউদ্দিন ডিগ্রি কলেজের পাশে একটি আলমসাধুর সাথে ধাক্কায় আহত হন।

এতে বানি আমিন বিশ্বাস গুরুতর আহত হলে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। দুর্ঘটনায় তার একটি পা ভেঙে যাওয়া সহ কানে আঘাত পেয়েছেন। উন্নত চিকিৎসার জন্য তাকে মেহেরপুর থেকে রেফার্ড করা হয়েছে।

মেপ্র /ইএম

করোনায় আক্রান্ত মালদিনি - দিবালা

করোনায় সবচেয়ে ভয়াবহ অবস্থা এখন ইতালির। করোনার ছোবল থেকে রেহাই পাচ্ছেন না সেরি -এ লিগের ফুটবলাররাও বড় ক্লাবগুলোর মধ্যে জুভেন্টাসের পর এবার করোনার রোষানলে পড়ল এসি মিলান। ইতালির কিংবদন্তি ডিফেন্ডার ও এসি মিলানের বর্তমান টেকনিক্যাল পরিচালক পাওলো মালদিনি এবং তার ছেলে দানিয়েল মালদিনি করোনায় আক্রান্ত হয়েছেন।

শনিবার রাতে এক বিবৃতিতে এই খবর নিশ্চিত করেছে এসি মিলান। দানিয়েল ক্লাবের যুব দলের ফরোয়ার্ড। গত মাসে মালদিনি পরিবারের তৃতীয় প্রজন্ম হিসেবে মিলানের জার্সিতে সেরি -এ লিগে অভিষেক হয়েছে তার। দানিয়েলের দাদা সিজার মালদিনিও খেলেছেন মিলানের জার্সিতে। তবে মালদিনি পরিবারের সবচেয়ে বিখ্যাত সদস্য ৫১ বছর বয়সী পাওলো মালিদিনি। পাঁচবার চ্যাম্পিয়ন্স লিগ জেতা ইতিহাসের অন্যতম সেরা এই ডিফেন্ডার ক্যারিয়ারের পুরো সময় কাটিয়েছেন মিলানে।

বাবা -ছেলে দু ’জনই গত দুই সপ্তাহ স্বেচ্ছা আইসোলেশনে ছিলেন।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

আক্রান্ত হলে সেটি মারাত্মক আকারই ধারণ করবে। তাই তাকে নিয়ে দুশ্চিন্তা বাড়ছে ভক্তদের।

সর্বকালের সেরা ফুটবলার হিসেবে বিবেচনা করা হয় তাকে। মাঠের দিনগুলোতে প্রতিপক্ষের সঙ্গে যেমন লড়াই করতেন, এখন সেভাবেই লড়াই করছেন রোগের সঙ্গে। এ অবস্থায় বিশ্বব্যাপী মহামারী আকারে ছড়িয়ে পড়া করোনায় আরেক দফা তাকে নিয়ে দুশ্চিন্তা করছেন ভক্তরা। ব্রাজিলের এক সংবাদমাধ্যমের খবর, এই মুহূর্তে হোম কোয়ারেন্টিনে রয়েছেন পেলে, শিগগিরই তার সব সফরসূচি বাতিল করা হবে।

পেলে যে এই মুহূর্তে ভালো আছেন, সেই খবরটা ব্রাজিলিয়ান কিংবদন্তি নিজেই দিয়েছেন। নিতম্বের অস্ত্রোপচারের পর তার ছেলে এদিনহো জানিয়েছিলেন, তার বাবা ভীষণ অস্বস্তিতে ভুগছেন। যদিও দিনকয়েক পর এই কিংবদন্তি নিশ্চিত করেছিলেন, তার কোনো সমস্যা নেই। সেই একই কথা তিনি আবারও শুনিয়েছেন সিএনএনকে, ‘বিষণ্নতায় ভোগার কথা বলা হচ্ছিল, জানি না কেন তারা এসব বলছিল। গত দুই বছর অনেকবার হাসপাতালে গিয়েছি এবং অস্ত্রোপচার করা হয়েছে আমার, পরবর্তীতে আমি আবার নিজের পায়ে হেঁটেছি।’

মানুষের উৎকণ্ঠার প্রতি শ্রদ্ধা রেখেই তিনবারের বিশ্বকাপ জয়ী বলেছেন, ‘যারা আমাকে নিয়ে দুশ্চিন্তা করা শুরু করল, আমি তাদের এই চিন্তার প্রতি শ্রদ্ধা জানাই। আমি নিজের পায়েই তো হাঁটছি, তবে ঈশ্বরকে ধন্যবাদ, আমি শুধু বাইক চালাতে পারছি না।’

সুত্র -যুগান্তর

রোনালদিনহোকে কারামুক্ত করতে ৩৩ কোটি টাকা খরচ মেসির!

১৪ মার্চ ২০২০, ১২:২৫ | অনলাইন সংস্করণ

রোনালদিনহো

ব্রাজিলের কিংবদন্তি ফুটবলার রোনালদিনহো এখন জেলে। তিনি

[illegible]

[illegible]

[illegible]

আইপিএলসহ সব খেলায় নিষেধাজ্ঞা

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) হচ্ছে না দিল্লিতে। করোনাভাইরাসের প্রসার ঠেকাতে সেখানে আইপিএলসহ সব ক্রীড়া টুর্নামেন্ট এবং ইভেন্ট বাতিল করেছে দিল্লি সরকার। শুক্রবার রাজ্যটির উপমুখ্যমন্ত্রী মনিশ সিসোদিয়া এ ঘোষণা দিয়েছেন।

এর আগে দিল্লিতে ৩১ মার্চ পর্যন্ত সব স্কুল, কলেজ ও সিনেমা হল বন্ধ রাখার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। চলতি মাসের শুরু থেকে সব প্রাইমারি স্কুলে ছুটি দিয়ে দেয়া হয়েছে। শুধু পরীক্ষা চলার জন্য খোলা রাখা হয়েছে সেকেন্ডারি স্কুলগুলো। এবার নিষেধাজ্ঞা জারি হলো খেলার বড় ইভেন্টের ওপর।

এদিন সংবাদ সম্মেলনে সিসোদিয়া বলেন, আইপিএলের মতো ক্রীড়া অনুষ্ঠান বাতিল করার সিদ্ধান্ত নিয়েছি। কারণ সেগুলোতে প্রচুর জনসমাগম ঘটে। করোনার প্রকোপ ঠেকাতে সামাজিক দূরত্ব বজায় রাখাটা জরুরি।

তিনি জানান, ইতিমধ্যে সব জেলা প্রশাসনকে প্রাণঘাতী এ ভাইরাস সংক্রান্ত নির্দেশিকা কঠোরভাবে পালনেরও নির্দেশ দেয়া হয়েছে। না মানলে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

এদিকে ৩১ মার্চ পর্যন্ত সব ক্লাস বন্ধ করে দিয়েছে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় (জেএনইউ)। এখন পর্যন্ত দিল্লিতে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা ৬ জন। গোটা ভারতে সেই সংখ্যাটা বেড়ে হয়েছে ৭৪। কর্নাটকে মৃত্যু হয়েছে একজনের।

তথ্যসূত্র: এইসময়।

বিসিবির নতুন চুক্তিতে যে

[redacted]

[redacted]

[redacted]

[

[illegible]

[illegible]

[illegible]

বেতনভাতাদি বাড়ে।

তথ্যসূত্র : বিবিসি।